সিনিয়র সিস্টেম এনালিষ্ট
■ সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
■ প্রোগ্রামার
■ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
■ সঃমোঃ ই-১/ সঃমোঃ ই-২
■ নথি
ডাইরি নং. ৩৩২
তারিখ. ৩০/১১/২৫
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় শাখা

# নভেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোহাম্মদ জিয়াউল হক
অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্ব), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৬ নভেম্বর ২০২৫
সময় : বেলা: ১১.৩০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ (কক্ষ নং-৮২৮)
উপস্থিত : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা:**<br>২৮ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | উপসচিব (সমন্বয়) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান, ৪৪তম বিসিএস এর মাধ্যমে সরাসরি নিয়োগযোগ্য সহকারী প্রকৌশলী (সিভিল) এর ২৯টি পদের স্থলে সংশোধিত চাহিদা অনুযায়ী (২৯+২৯)=৫৮টি পদ পূরণের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলেও এ বিষয়ে কোনো কার্যক্রম গ্রহণ করা হয়নি। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করা হলে উক্ত পদসমূহ পূরণের লক্ষ্যে ৪৬তম বিসিএস এর মাধ্যমে পূরণের জন্য পুনরায় প্রস্তাব প্রেরণের পরামর্শ প্রদান করা হয়েছে মর্মে তিনি জানান। এছাড়া, সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর ৪১টি পদ ৫০তম বিসিএস এর মাধ্যমে পূরণ করার প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ৫০তম বিসিএস এর বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | (১) দপ্তর/সংস্থায় সকল গ্রেডের শূন্যপদ পূরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গৃহীত কার্যক্রমের অগ্রগতি সুনির্দিষ্ট তথ্যসহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(২) ৪৬তম বিসিএস এর মাধ্যমে পূরণের জন্য সংশোধিত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণলয়ে প্রেরণ করতে হবে।<br>(৩) পদোন্নতি যোগ্যদের দ্রুত পদোন্নতির উদ্যোগ নিতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (বিআরটিএ/এমআরটি) /উপসচিব (সওজ সংস্থাপন ১ ও ২)/ (ডিটিসিএ)/ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) |
| ৩. | **অডিট আপত্তির বিবরণী:**<br>সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়: | | |

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | - | - | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭২১০ | ১১০৭ | ৫৫১৭ | ৫৮৬ | ০ | ৭২১০ | ৬ | ৭২০৪ |
| বিআরটিসি | ১১৯৬ | ২১২ | ৮৮৪ | ১০০ | ০ | ১১৯৬ | ১ | ১১৯৫ |
| বিআরটিএ | ৩৯৪ | ১৫১ | ২৪৩ | ০ | ০ | ৩৯৪ | ০ | ৩৯৪ |
| ডিটিসিএ | ৩৬ | ১৫ | ২১ | ০ | ০ | ৩৬ | ০ | ৩৬ |
| ডিএমটিসিএল | ১১২ | ২৬ | ৮৬ | ০ | ০ | ১১২ | ০ | ১১২ |
| ঢাকা বিআরটি | ১৪ | ৩ | ৩ | ৮ | ০ | ১৪ | ০ | ১৪ |
| মোট | ৮৯৬৫ | ১৫১৫ | ৬৭৬৩ | ৬৯৪ | ০ | ৮৯৬৫ | ৭ | ৮৯৫৮ |

**সেপ্টেম্বর'২৫ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৮৯৬৫টি। অক্টোবর ২৫ মাসে ৭টি অডিট আপত্তি নিষ্পত্তি এবং কোনো অডিট আপত্তি অন্তর্ভুক্ত না হওয়ায় অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৮৯৫৮টি।**



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত সচিব (বাজেট) জানান, অডিট আপত্তি নিষ্পত্তি ও করণীয় বিষয়ে একটি কর্ম পরিকল্পনা প্রস্তুতের জন্য গত ১৭.১১.২০২৫ তারিখে সভা করা হয়েছে। প্রথম পর্যায়ে দপ্তর/সংস্থা নিজেরা অডিট আপত্তি Reconcil করবে এবং পরবর্তীতে অডিট অধিদপ্তরের সাথে দপ্তর/সংস্থাকে অডিট আপত্তির সংখ্যা Reconcil করার বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়েছে। Reconciliation করার সময় দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের অডিট অধিদপ্তরের সাথে একান্ত যোগাযোগ ও সরাসরি উপস্থিত থাকার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রাসঙ্গিক, অর্থবহ, যৌক্তিক, ইতিবাচক ও সহজ সরল ভাষায় প্রস্তুত এবং যথাযথ প্রমাণক সংযুক্ত করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। দপ্তর/সংস্থার ইন্টারনাল অডিট এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজন করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) অডিট আপত্তি নিষ্পত্তি ও করণীয় বিষয়ে দ্রুত কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে।<br>(২) Reconciliation করার সময় দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের অডিট অধিদপ্তর সাথে একান্ত যোগাযোগ ও সরাসরি উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(৩) অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রাসঙ্গিক, অর্থবহ, যৌক্তিক, ইতিবাচক ও সহজ সরল ভাষায় প্রস্তুত করাসহ যথাযথ প্রমাণক সংযুক্ত করতে হবে।<br>(৪) দপ্তর/সংস্থার ইন্টারনাল অডিট এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজন অব্যাহত রাখতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট) |
| ৪. | **সড়ক ও জনপথ অধিদপ্তর**<br>**ক. বৃক্ষরোপন:**<br>সওজ অধিদপ্তরের আওতাধীন মহাসড়ক এবং সওজ অধিদপ্তরের বিভিন্ন জায়গায় নিয়মানুযায়ী গাছ রোপন ও পরিচর্যার বিষয়ে সভাপতি মহোদয় জানান, বৃক্ষরোপন করার বিষয়ে দপ্তর/সংস্থার প্রতিনিধিদের নিয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে সভা করার পরামর্শ দেয়া হয়েছে। উক্ত সভার মাধ্যমে বৃক্ষরোপন বিষয়ে একটি ধারণা/দিক-নির্দেশনা প্রদান করা হবে। | মহাসড়ক এবং দপ্তর/সংস্থায় নিজস্ব জায়গায় নিয়মানুযায়ী গাছ রোপন ও পরিচর্যার বিষয়ে একটি সভার আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ /প্রধান বৃক্ষপালনবিদ, সওজ অধিদপ্তর |
| | **খ. টোল আদায়:**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৯টি বন্ধ টোলপ্লাজা চালুর নিমিত্ত সর্বাত্তক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। সভপতি জানান, টোল আদায় কার্যক্রমে সমস্যা থাকলে আলোচনা করে সমাধান করতে হবে। নিয়ম বহির্ভুতভাবে টোল আদায় কার্যক্রম বন্ধ রাখা যৌক্তিক নয়। তিনি আরো বলেন, টোল আদায়ে ঠিকাদার/ভেন্ডর/ইজারাদার নিয়োগে টেন্ডার প্রক্রিয়ায় স্বচ্ছতা শতভাগ নিশ্চিত করতে হবে। | (১) ৯টি বন্ধ টোলপ্লাজায় টোল আদায় চালু করতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার এর সাথে পুনরায় যোগাযোগ করতে হবে।<br>(২) টোল আদায়ে ঠিকাদার/ভেন্ডর/ইজারাদার নিয়োগে টেন্ডার প্রক্রিয়ায় স্বচ্ছতা শতভাগ নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল)/মনিটরিং টীম (সকল) |
| | **গ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:**<br>(১) এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান, হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়েছে। ৬৫টি সড়ক বিভাগ থেকে প্রাপ্ত জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি পাওয়া গিয়েছে। নামজারির ক্ষেত্রে বেশকিছু সমস্যা চিহ্নিত করা হয়েছে। তালিকা ও গেজেটের কপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ভূমি নামজারির জটিলতা নিরসনকল্পে আন্ত:মন্ত্রণালয় সভা আহবানের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১)(ক) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নিতে হবে।<br>(খ) ভূমি নামজারির জটিলতা নিরসনকল্পে দ্রুত আন্ত:মন্ত্রণালয় সভার আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ঘ. Smart Case Management System:<br>যুগ্মসচিব (আইন) জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলার হালনাগাদ তথ্য Smart Case Management System-এ আপলোড করা হচ্ছে। অক্টোবর ২০২৫ পর্যন্ত হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান:
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>হাইকোর্ট বিভাগ</th><th>আপিল বিভাগ</th><th>মোট মামলার সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>সওজ অধিদপ্তর</td><td>৫৬৩</td><td>১৫</td><td>৫৭৮</td></tr>
<tr><td>০২</td><td>বিআরটিএ</td><td>৩০৬</td><td>০১</td><td>৩০৭</td></tr>
<tr><td>০৩</td><td>বিআরটিসি</td><td>১১</td><td>১৪</td><td>২৫</td></tr>
<tr><td>০৪</td><td>ডিটিসিএ</td><td>০২</td><td>০০</td><td>০২</td></tr>
<tr><td>০৫</td><td>ডিএমটিসিএল</td><td>৫</td><td>০১</td><td>০৬</td></tr>
<tr><td>০৬</td><td>ঢাকা বিআরটি</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৮৮৭</td><td>৩১</td><td>৯১৮</td></tr>
</table></td><td>মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System-এ আপডেট রাখতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>ঙ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে জে.এল. নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস দায়ের করা হলে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এর স্মারক নং-৩১.৩০.২৬০৮.০০১.০৪.২৪৯/১৮. ২০২৩-৭৩১(সং) তারিখ ১৬ এপ্রিল ২০২৩ এর মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা বরাবর মূল নথি প্রেরণ করা হলে জেলা প্রশাসক, ঢাকা নালিশী ভূমি আরএস- ৮নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে পূর্ত ও নগর উন্নয়ন বিভাগ ও সিটি জরিপে ৩নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে সড়ক ও জনপথ বিভাগ এর নামে রেকর্ডভুক্ত হওয়ায় সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধির উপস্থিতিতে শুনানী গ্রহণপূর্বক গৃহীত সিদ্ধান্ত ও সুস্পষ্ট মতামতসহ বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল, ঢাকাকে ১৪ আগষ্ট ২০২৫ তারিখে পত্র প্রেরণ করেন।</td><td>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে জে.এল.নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এবং সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল এর সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
<tr><td></td><td>চ. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে বিজ্ঞ আদালতে আপীল দায়ের করা হয়েছে; যার আপীল নং-এফ.এ.টি-৪০৯/২০২৫।</td><td>তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারে আইনি প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ছ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন নিয়ে দায়েরকৃত ১২টি মামলার তথ্য পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৬টি উচ্চ আদালতে ও ৬টি নিম্ন আদালতে। উচ্চ আদালতে দায়েরকৃত ৬টি রিটের মধ্যে ৩টি নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে রিট নং-৫৭৬৭/২০০১ এবং ৩৯৬২/২০০২ এর ১৩ জুলাই ২০১৭ তারিখের নিষ্পত্তির আদেশের নিম্ন দেওয়ানী আদালতে টাইটেল স্যুট নং-১/১৯৯৮, ৪৮/১৯৯৮, ৭/১৯৯৮, ১৫৮/১৯৯৮ এবং ৮৫/১৯৯৮ নিষ্পত্তি হওয়ার পূর্ব পর্যন্ত Status-quo বজায় রাখার জন্য বলা হলে আদেশটি Vacate করণের লক্ষ্যে রিট নং-৩৯৬২/২০০২ এর আপীল ৩২৭৩/২০২৫ এবং রিট নং-৫৭৬৭/২০০১ এর আপীল ৩২৭২/২০২৫ দায়ের করা হয়েছে।</td><td>কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণের উদ্দেশ্যে দায়েরকৃত মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে আইনি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>জ. মাদরীপুরে সওজ অধিদপ্তর অফিসের জায়গার মালিকানা ফিরিয়ে আনা<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, মাদারীপুর সদর উপজেলাধীন ১২৩ নম্বর কুকরাইল মৌজার ১১১/৬১-৬২ নম্বর এলএ কেসের মাধ্যমে সড়ক ও জনপথ অধিদপ্তর নামে অধিগ্রহণকৃত ৭.২৩ একর ভূমি যা জেলা প্রশাসক, মাদরীপুর কর্তৃক মিস কেস নম্বর ৩/২০০৪-২০০৫ এর মধ্যমে রিজিউম করা হয়। উক্ত রিজিউম বাতিল করার জন্য ভূমি মন্ত্রণালয়ে পুনরায় পত্র দেয়া হয়েছে।</td><td>রিজিউম বাতিলের বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ঝ. অবৈধ স্থাপনা অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, সারাদেশে অবৈধ স্থাপনা অপসারণে অভিযান পরিচালনা করা হচ্ছে। অবৈধ উচ্ছেদ কার্যক্রম অব্যাহত এবং উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট সড়ক বিভাগকে বুঝিয়ে দেয়া হচ্ছে। অক্টোবর ২০২৫ মাসে পরিচালিত অভিযানের বিবরণ নিম্নরূপ:<br>(১) গত ১৫.১০.২০২৫ ও ১৬.১০.২০২৫ তারিখ সাতক্ষীরা সড়ক বিভাগাধীন আঞ্চলিক মহাসড়ক শ্যামনগর ফায়ার সার্ভিস মোড় হতে ৫৭তম কিলোমিটারে অবস্থিত ভেটখালি বাজার পর্যন্ত সড়কের উভয় পার্শ্ব হতে অবৈধভাবে গড়ে ওঠা ১৪৪২টি স্থাপনা উচ্ছেদ/অপসারণ করা হয়। এতে</td><td>(১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিক বুঝে নিতে হবে এবং দখলে রাখতে</td><td>অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব (সম্পত্তি)/</td></tr>
</table>



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রায় ৪৭.১৫ একর ভূমি অবৈধ দখলমুক্ত হয়, যার আনুমানিক বাজার মূল্য ৬৮ ৫৩ কোটি টাকা।<br>(২) গত ১৮.১০.২০২৫ তারিখ ঝিনাইদহ সড়ক বিভাগাধীন অধিগ্রহণকৃত ৩৫ নম্বর গোপালপুর মৌজায় তমাতলা বাজার নামক স্থানে সড়কের উভয় পার্শ্বে অবৈধভাবে গড়ে ওঠা সেমি পাকা টিনশেড দোকানসহ মোট ২১টি স্থাপনা উচ্ছেদ/অপসারণ করা হয়। এতে প্রায় ০.৩০১০ একর ভূমি অবৈধ দখলমুক্ত হয়, যার আনুমানিক বাজার মূল্য ৪.৩০ কোটি টাকা। | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **ঞ. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার বিষয়ে খসড়া MoU এ বিভাগে পাওয়া গিয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান। MoU ভেটিং করে দ্রুত চূড়ান্ত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার লক্ষ্যে খসড়া MoU ভেটিং করে দ্রুত চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি) |
| | **ট. মহাসড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫**<br>সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ এর খসড়ার উপর গত ০৪.০৯.২০২৫ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। নীতিমালাটি অধিকতর পর্যালোচনার জন্য জনাব নিখীল কুমার দাস, অতিরিক্ত সচিব (এস্টেট)-কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। | সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ পর্যালোচনা করে কমিটিকে দ্রুত নীতিমালা চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| ৫. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান, ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং বিষয়ে ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত দাখিলকৃত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। আগামী ২ (দুই) মাসের মধ্যে ভেন্ডার প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম আগামী ২ (দুই) মাসের মধ্যে সম্পন্ন করতে হবে এবং জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব(এস্টেট)/ সি.সি এনালিস্ট |
| | **খ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান, পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক বিশ্ব ব্যাংকের অর্থায়নে Bangladesh Clean Air Project (BCAP) এর আওতায় ০৭(সাত) টি ভিআইসি স্থাপনের নিমিত্ত সংশোধিত ডিপিপি ০৬ নভেম্বর ২০২৫ তারিখে ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। বর্তমানে প্রয়োজনের তুলনায় ভিআইসি'র সংখ্যা খুবই অপ্রতুল। চাহিদা বিবেচনায় কিভাবে আরো ইন্সপেকশন সেন্টার বাড়ানো যায় এ বিষয়ে বিআরটিএ'র পক্ষ থেকে উদ্যোগ গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) ০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের ডিপিপি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(২) চাহিদা বিবেচনায় আরো ইন্সপেকশন সেন্টার বাড়ানোর বিষয়ে বিআরটিএ'র পক্ষ থেকে উদ্যোগ নিতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিএ) অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **গ. ড্রাইভিং অপারেটর প্রশিক্ষক প্রশিক্ষণ:**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানা, বিআরটিসি'র সার্বিক সহযোগিতায় ড্রাইভিং অপারেটর প্রশিক্ষক (TOT) বানানোর লক্ষ্য বিআরটিস'র ৫ (পাঁচ) টি প্রশিক্ষণ কেন্দ্রে ১৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। আগামী ৩০ নভেম্বর ২০২৫ তারিখের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হবে। প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত তদারকি করার বিষয়ে সভায় পরামর্শ দেয়া হয়। | ড্রাইভিং অপারেটর প্রশিক্ষক (TOT) প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ বিআরটিসি |
| | **ঘ. আন্তর্জার্তিক মানের ড্রাইভার তৈরী:**<br>বাংলাদেশের ড্রাইভিং লাইসেন্স বিশ্বের সকল দেশে গ্রহণযোগ্যতা অর্জন এবং আন্তর্জাতিক মানের ড্রাইভার তৈরীর লক্ষ্যে যুগোপযোগী ও মানসম্মত ড্রাইভিং প্রশিক্ষণ প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। এ সকল বিবেচনায় নিয়ে প্রশিক্ষণ মডিউল প্রস্তুত ও আন্তর্জাতিক মানের ড্রাইভিং লাইসেন্স তৈরীর বিষয়ে সভাপতি চেয়ারম্যান, বিআরটিএ ও বিআরটিসিকে পরামর্শ প্রদান করেন। | আন্তর্জাতিক মানের ড্রাইভার তৈরীর লক্ষ্যে যুগোপযোগী ও মানসম্মত ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং সে অনুযায়ী প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করে ড্রাইভিং লাইসেন্স আন্তর্জার্তিক মানের করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ বিআরটিসি |



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>গ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:<br>(১) নিয়মিতভাবে সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। সেপ্টেম্বর ২০২৫ মাসে সড়ক দুর্ঘটনার তথ্য নিম্নরূপ:<br><table><tr><th>দুর্ঘটনার সংখ্যা</th><th>নিহতের সংখ্যা</th><th>আহতের সংখ্যা</th></tr><tr><td>৪৫২টি</td><td>৪২৩</td><td>৫৮৯</td></tr></table>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে। এছাড়া, ২০২৫-২০২৬ অর্থবছরে (জুলাই-অক্টোবর) মাসে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগম এলাকায় ২,৯৯,৬১৫টি লিফলেট ও ১,৬২,৭০০টি পোস্টার/ স্টিকার বিতরণ করা হয়েছে । এ কার্যক্রম বর্তমানে অব্যাহত আছে।<br>(৩) সড়ক নিরাপত্তা আইন-২০২৫ সাব কমিটি কর্তৃক প্রণয়নকৃত খসড়া আইনটি চূড়ান্তকরণের লক্ষ্যে এ বিভাগের অতিরিক্ত সচিব (এস্টেট) মহোদয়ের সভাপতিত্বে গত ১৮.১১.২০২৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে।<br>(৪) সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, ‘Traffic Management Centre (TMC) -হতে ডাটা সরবরাহ ও প্রয়োগের লক্ষ্যে একটি কাঠামো প্রণয়নের বিষয় সওজ অধিদপ্তর হতে প্রাপ্ত প্রস্তাবের উপর আন্ত:মন্ত্রণালয় সভা আয়োজন করা প্রয়োজন।</td><td>(১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে এবং এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগমপূর্ণ এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(৩) সড়ক নিরাপত্তা আইনের খসড়া দ্রুত চূড়ান্ত করতে হবে।<br>(8) ‘Traffic Management Centre (TMC) -হতে ডাটা সরবরাহ ও প্রয়োগের লক্ষ্যে একটি কাঠামো প্রণয়নের জন্য সংশ্লিষ্টদের নিয়ে দ্রুত আন্ত:মন্ত্রণালয় সভার আয়োজন করতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব (এস্টেট)/ যুগ্মসচিব (বিআরটিএ/রোড সেফটি)/উপসচিব (রোড সেফটি)</td></tr>
<tr><td></td><td>ঘ. লাইসেন্স প্রদানকালীন ড্রাইভিং টেস্ট গ্রহণ:<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি’র প্রশিক্ষণকার ও ভেন্যু ব্যবহারের ক্ষেত্রে বিআরটিএ ও বিআরটিসি’র মধ্যে একটি খসড়া MoU প্রস্তুত করা হয়েছে। চূড়ান্ত করণের কার্যক্রম চলমান।</td><td>বিআরটিসি’র প্রশিক্ষণকার ও ভেন্যু ব্যবহারের ক্ষেত্রে বিআরটিএ ও বিআরটিসি’র মধ্যে MoU চূড়ান্ত করতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিসি/ চেয়ারম্যান, বিআরটিএ</td></tr>
<tr><td></td><td>ঙ. মোবাইল কোর্ট পরিচালনা:<br>বিআরটিএ’র এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগীতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে অক্টোবর-২০২৫ মাসে সারাদেশে বিআরটিএ’র এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক সর্বমোট ৫০২৪ মামলায় ১,০৪,৯৬,৬৮০ টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়া ২৮ জন দালালকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান ও ৫২৬ টি গাড়ি ডাম্পিং করা হয়।</td><td>(১). বিআরটিএ’র নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাহিরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) মোবাইল কোর্ট পরিচালনার জেলাভিত্তিক পরিসংখ্যান নিয়মিত এ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (বিআরটিএ)</td></tr>
<tr><td></td><td>চ. গাড়ীতে আরএফআইডি ট্যাগ স্থাপন:<br>এ বিষয়ে প্রধান প্রকৌশলী জানান, কোরিয়ার আর্থিক সহযোগিতায় আরএফআইডি সিস্টেমকে আধুনিকায়ন করা হচ্ছে। KOICA সার্বিক বিষয়ের উপর একটি উপস্থাপনা প্রদানে আগ্রহ প্রকাশ করেছে। দ্রুত উপস্থাপনা আয়োজনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>আরএফআইডি বিষয়ে দ্রুত উপস্থাপনার আয়োজন করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট</td></tr>
<tr><td>৬.</td><td>বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:<br>ক. বিআরটিসি’র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, ০১টি একতলা এসি বাসের ইঞ্জিনসহ চেসিস (CH No. MBIPREHD2PER M5346) সম্পূর্ণ বডি স্ট্রাকচার তৈরী সম্পন্ন হয়েছে। বডির দুই পার্শ্বের কাজ সম্পন্ন হয়েছে। ছাদের শীট লাগানোর কাজ চলমান রয়েছে। পেছনের শীট লাগানোর কাজ শেষ হয়েছে। সামনের শো এর কাজ চলমান আছে। অর্থাৎ সম্পূর্ণ গাড়ির ৫০% কাজ আগামী ০১/১২/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন হবে মর্মে আশা করা যায়। ডিসেম্বর ২০২৫ সময়ে মধ্যে গাড়ী প্রস্তুতের কাজ সম্পন্ন করার জন্য সভাপতি চেয়ারম্যান, বিআরটিসিকে অনুরোধ জানান।</td><td>গাড়ী নির্মাণের অবশিষ্ট কাজ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে সম্পন্ন করতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিসি</td></tr>
</table>



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **খ. বিআরটিসি'র ৩৪০টি এসিবাস ক্রয়**<br>৩৪০টি এসিবাস ক্রয়ের বিষয়ে চেয়ারম্যান, বিআরটিসি জানান, Exim Bank of Korea কর্তৃক গত ২০.১১.২০২৫ তারিখে বিডিং ডকুমেন্ট চূড়ান্ত অনুমোদন পাওয়া গেছে। ১ ডিসেম্বর ২০২৫ তারিখে দরপত্র আহবান করা হবে। | সিএনজি চালিত ৩৪০টি এসি বাস ক্রয়ের লক্ষ্যে দ্রুত দরপত্র আহবান করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **গ. চার্জিং স্টেশন স্থাপন:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, GOB অর্থায়নে বিআরটিসি কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে "বিআরটিসি'র জন্য বৈদ্যুতিক একতলা এসি বাস সংগ্রহ" শীর্ষক প্রকল্পের আওতায় ১১টি ইলেকট্রিক একতলা এসি বাস সংগ্রহ করা হবে। বর্ণিত বাসগুলোকে চার্জিং করার জন্য UNDP অর্থায়নে "Bangladesh Enabling Electric Vehicle Adoption (BEEVA) in the Framework of Sustainble Energy based Transportation" শীর্ষক প্রকল্পের আওতায় ০৪টি চার্জিং স্টেশন স্থাপন করা হবে।<br>চার্জিং স্টেশন স্থাপন ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ১৬/১০/২০২৫ তারিখে ০২ তাগিদপত্র বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণ করা হয়। | (১) বাসস্ট্যান্ড, বিশ্রামাগার ও গুরুত্বপূর্ণ পেট্রোলপাম্পের সাথে চার্জিং স্টেশন স্থাপন বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে<br>(২) বিদ্যুৎ বিভাগের সার্বিক সহযোগিতা ও মতামত গ্রহণের লক্ষ্যে যোগাযোগ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন/পরিকল্পনা)/ চেয়ারম্যান, বিআরটিসি/উপসচিব (পিপিপি ও সমন্বয়) |
| | **ঘ. মিনি বাস ক্রয়**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিভিন্ন অফিস/সংস্থায় বড় বাসের পাশাপাশি ভাড়ায় পরিচালনার জন্য মিনি বাসের ব্যাপক চাহিদা রয়েছে। এ লক্ষ্যে নিজস্ব অর্থায়নে ১০-১৫ টি মিনিবাস ক্রয়ের উদ্যোগ নেয়া হয়েছে। | মিনি বাস ক্রয়ের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **ঙ. ড্রাইভার প্রশিক্ষণ:**<br>রোড সেফটি প্রকল্পের আওতায় বিআরটিসি'র মাধ্যমে ৬০,০০০ জন ড্রাইভারকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এতে ২৩০ কোটি ৭৩ লক্ষ টাকা ব্যয় হবে বিধায় সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ বৈঠকের অনুমোদন প্রয়োজন হবে। প্রস্তাব প্রেরণ বিষয়ে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর সভাপতিত্বে গত ৩.১১.২০২৫ তারিখে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। নথি উপস্থাপিত হলে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পুনরায় সভা আহবানের বিষয়টি প্রক্রিয়াধীন। | রোড সেফটি প্রকল্পের আওতায় ৬০,০০০ জন ড্রাইভারকে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/উপসচিব (জিএফডিপি) |
| | **চ. বিআরটিসি'র প্রকল্প গ্রহণ:**<br>বিআরটিসিতে গাড়ী সংগ্রহ ও প্রশিক্ষণ সংক্রান্ত কয়েকটি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পগুলো অনুমোদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। চেয়ারম্যান, বিআরটিসি জানান, চাহিদার তুলনায় বিআরটিসি'র ট্রাকের সংখ্যা কম। তাই ট্রাক সংগ্রহের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। | (১) প্রক্রিয়াধীন প্রকল্প গুলো অনুমোদনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>(২) ট্রাক সংগ্রহের লক্ষ্যে প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা)সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) |
| ৭. | **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:**<br>**ক. Special Purpose Company (SPC) গঠন:**<br>উপসচিব (ডিটিসিএ) জনান, Special Purpose Company (SPC) গঠন বিষয়ে অতিরিক্ত সচিব (আরবান ও ট্রান্সপোর্ট) এর সভাপতিত্বে গত ২৩.১০.২০২৫ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | Special Purpose Company (SPC) গঠনের বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/যুগ্মসচিব (এমআরটি)/ উপসচিব (ডিটিসিএ) |
| | **খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫:**<br>উপসচিব (ডিটিসিএ) জনান, গত ২৯/০৭/২০২৫ তারিখে সড়ক পরিবহন ও মহসড়ক বিভাগের অতিরিক্ত সচিব (আরবান ও ট্রান্সপোর্ট) মহোদয়ের সভাপতিত্বে বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ বিষয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক ডিটিসিএ হতে সংশোধিত প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | সংশোধিত খসড়া বিধিমালা দ্রুত ডিটিসিএ হতে এ বিভাগে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/উপসচিব (ডিটিসিএ) |
| ৮. | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>**মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট বিষয়ে সিদ্ধান্ত:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল জানান, মেট্রোরেলে QR কোডযুক্ত কাগজের টিকিট চালু করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। The Universal Ticketing System (UTS) for Single Journey on Dhaka Metro Rail Line-6 বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬/০৫/২০২৫ তারিখ পত্রিকার মাধ্যমে উন্মুক্ত দরপত্র দাখিলের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। গত ২৫/০৬/২০২৫ তারিখে বিজ্ঞপ্তির মাধ্যমে আগ্রহী প্রতিষ্ঠানের দরপত্র ক্রয়ের সময়সীমা ২৯/০৬/২০২৫ তারিখের পরিবর্তে ২০/০৭/২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল। ২১/০৭/২০২৫ তারিখ দরপত্র জমাদানের দিনে মাইলস্টোন স্কুল এন্ড কলেজের দূর্ঘটনার কারনে দরপত্র ক্রয়কারী প্রতিষ্ঠানসমূহ যথাসময়ে দরপত্র জমা দিতে না পারায় সঠিক প্রতিযোগিতা হয়নি মর্মে দরপত্রটি বাতিল করা হয়। বর্তমানে পুন: দরপত্র আহ্বানের কার্যক্রম চলমান রয়েছে। | QR কোডযুক্ত কাগজের সিঙ্গেল জার্নি টিকেট চালুর লক্ষ্যে দ্রুত পুন: দরপত্র আহবান করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

**আলোচনা:**

ঢাকা বিআরটি :

**ক. বিআরটিএ করিডোরে টোল আদায়:**

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, বিআরটি করিডোরে টোল আদায়ের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গত ২৮.০৯.২০২৫ তারিখে ঢাকা বিআরটি কোম্পানির ৪০তম পর্ষদ সভায় বিআরটি করিডোরে টোল আদায় কার্যক্রমের সার্বিক প্রস্তুতি বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। সিদ্ধান্ত মোতাবেক করণীয় বিষয়ে প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, মেটাল ফেন্সিং স্থাপন ও সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনা প্রণয়নের জন্য ডিএমপি, জিএমপি ও সওজ অধিদপ্তরসহ সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করা হচ্ছে। ইতোমধ্যে একটি সার্ভে কাজ পরিচালনা করা হয়েছে। রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় টোল পরিচালনায় আনুমানিক বার্ষিক ৫ (পাঁচ) কোটি টাকা খরচ হবে এবং আনুমানিক বার্ষিক ৩৩ কোটি টাকা আয় হবে। সভাপতি জানান, করিডোরে টোল আদায় কার্যক্রম চালুর বিষয়ে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা রয়েছে। তাই প্রয়োজনীয় সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা-বিআরটিকে নির্দেশনা প্রদান করা হয়।

**সিদ্ধান্তসমূহ:**

(১) বিআরটি করিডোরে টোল আদায়ের লক্ষ্যে দ্রুত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(২) মন্ত্রণালয়ে প্রাপ্ত প্রস্তাবের বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারী:** নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর)/অতিরিক্ত সচিব (আরবান) ট্রান্সপোর্ট) ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/উপসচিব (টোল ও এক্সেল)

---

১০

**আলোচনা:**

**সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

**ক. Grievance Redress System (GRS):**

অক্টোবর ২০২৫ মাসের জিআরএস সংক্রান্ত তথ্য:

| বিভাগ/দপ্তর/সংস্থা | পূর্বের জের | প্রাপ্ত অভিযোগ | মোট | অন্য দপ্তরে প্রেরণ | নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|
| সড়ক পরিবহন ও মাহাসড়ক বিভাগ | ২ | ৩৭ | ৩৯ | ৩৩ | ১ | ৫ |
| সওজ অধিদপ্তর | ৪ | ২৫ | ২৯ | ৮ | ১৯ | ২ |
| বিআরটিএ | ২৫৫+ ২২ | ১৭ | ২৯৪ | - | ১ | ২৯৩ |
| বিআরটিসি | ৩ | ৬ | ৯ | - | ৭ | ২ |
| ডিটিসিএ | ১ | ২ | ৩ | - | ৩ | ০ |
| ডিএমটিসিএল | ২ | ৪ | ৬ | - | ৩ | ৩ |
| ঢাকা বিআরটি | - | ১ | ১ | ১ | - | ০ |
| মোট | ২৮৯ | ৯২ | ৩৮১ | ৪২ | ৩৪ | ৩০৫ |

পূর্বের জের এবং অক্টোবর মাসে প্রাপ্ত অভিযোগসহ মোট অভিযোগের সংখ্যা ৩৮১টি তার মধ্যে ৪২ টি অন্য দপ্তরে প্রেরণ এবং ৩৪টি নিষ্পত্তি করা হয়েছে। মোট অনিষ্পন্ন ৩০৫টি।

স্বাক্ষর ও পরিচয় বিহীন অভিযোগের বিষয়ে অফিসিয়ালি পদক্ষেপ গ্রহণ না করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে সভাপতি বলেন তবে প্রাপ্ত আভিযোগের সত্যতার বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা খোঁজ-খবর নিতে পারেন। সত্যতা থাকলে দপ্তর/সংস্থা স্ব উদ্যোগে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিবেন। অভিযোগের বিষয়ে প্রধান প্রকোশলী, সওজ অধিদপ্তর জানান, অনেক সময় স্থানীয় পত্রিকা বা ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সংবাদিক উদ্দেশ্যেমূলকভাবে খবর প্রকাশ করে। পরবর্তীতে এর কোনো সত্যতা পাওয়া যায়না। এ ধরণের খবরের প্রেক্ষিতে কর্মকর্তাগণ হেয়প্রতিপন্ন হন এবং ইনোভেটিব কাজের আগ্রহ হারিয়ে ফেলেন। তাই সত্যতা না জেনে অভিযোগ আমলে না নেওয়াই শ্রেয়। এ সকল অভিযোগ আমলে নেয়ার ফলে অফিসের কর্মকর্তা/কর্মচারিদের অফিসের মূল্যবান সময় ও আর্থিক ক্ষতি হয়। এ ধরণের অভিযোগকারীর বিরুদ্ধে যথাযথভাবে আইনি ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সকলকে পরামর্শ প্রদান করা হয়।

**সিদ্ধান্তসমূহ:**

(১) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ মোতাবেক অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।

(২) সংস্থাভিত্তিক জিআরএস এর তথ্য প্রতি মাসে ৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

(৩) স্বাক্ষর ও পরিচয় বিহীন অভিযোগের বিষয়ে অফিসিয়ালি পদক্ষেপ গ্রহণ না করে আভিযোগের সত্যতার বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা খোঁজ-খবর নিবেন।

(৪) ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় অভিযোগ সংক্রান্ত খবরের সত্যতা না পাওয়া গেলে সংশ্লিষ্ট পত্রিকা ও সাংবাদিকের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারী:** দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট

---

**আলোচনা:**

**খ. Public Service Innovation:**

বিভিন্ন ফি আদায়ের লক্ষ্যে গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্ট ইন্ট্রিগ্রেট করার ধারণাটি বাস্তবায়ন বিষয়ে গত ১৭.০৮.২০২৫ তারিখে ০৮ (আট) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক সভা করা হয়েছে।

সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ৩-৫ সদস্য বিশিষ্ট ইনোভেশন টীম পুনর্গঠনের জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

**সিদ্ধান্তসমূহ:**

(১) বিভিন্ন ফি আদায়ের লক্ষ্যে গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্ট ইন্ট্রিগ্রেট করার ধারণাটি বাস্তবায়ন করতে হবে।

(২) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ইনোভেশন টীম পুনর্গঠন করতে হবে।

**বাস্তবায়নকারী:** চেয়ারম্যান, বিআরটিএ/চীফ ইনোভেশন অফিসার/উপসচিব (প্রশসান)সিনিয়র সিস্টেম এনালিস্ট



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১১. | **বিবিধ**<br>**ক. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>জনাব আসফিয়া সুলতানা, উপসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৫-২০২৬ অর্থবছরে ৬ (ছয়) মাস মেয়াদী ইন্টার্নশীপ প্রোগ্রাম চালুর উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে ইন্টার্ন নিয়োগের লক্ষ্যে দপ্তর/সংস্থায় পত্র দেয়া হয়েছে। এ বিভাগের ইন্টার্ন নিয়োগের বিজ্ঞপ্তি প্রশাসন শাখায় প্রেরণ করা হয়েছে। শীঘ্রই পত্রিকায় প্রকাশ করা হবে। | ২০২৫-২০২৬ অর্থবছরে দপ্তর/সংস্থায় এবং এ বিভাগে ৬ (ছয়) মাস মেয়াদী ইন্টার্ন নিয়োগের বিজ্ঞপ্তি দ্রুত প্রকাশ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/, উপসচিব (বৈদেশিক সহায়তা শাখা) /ইন্টার্নশীপ মনোনয়ন ও আয়োজন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **খ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>(১) উপসচিব (প্রশিক্ষণ) জানান, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সভাকে অবহিত করা হয় যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন বিষয়ে নির্দেশনা ও গাইড লাইন জারি করা হয়েছে। উক্ত গাইড লাইন অনুসরণ করে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) এ বিভাগ ও আওতাধীন/দপ্তর সংস্থায় প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা ও গাইড লাইন অনুসরণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশিক্ষণ) |
| | **গ. বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন:**<br>(১) প্রকৌশল বিষয়ে লেখা পড়া করা তরুণ শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে নির্দেশিকা সওজ অধিদপ্তর কর্তৃক বাংলায় প্রণয়ন করা হয়েছে এবং নির্দেশিকাটি পর্যালোচনাপূর্বক চূড়ান্ত করার লক্ষ্যে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।<br>(২) বিআরটিসি হতে জানানা হয়েছে, সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা, গাজীপুরে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর ৪০ জন এবং সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট এর ১৫ জন, ময়মনসিংহ পলিটেকনিক ইনষ্টিটিউট (মেকানিক্যাল) এর ৯০ জন এবং মুন্সীগঞ্জ পলিটেকনিক ইনষ্টিটিউট (মেকানিক্যাল) এর ০২ এবং সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট (পাওয়ার) এর ১০ জন, কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট (পাওয়ার) এর ১০ জন, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট (পাওয়ার) এর ২০ জন, দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট (পাওয়ার) এর ১৭ জন, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট (পাওয়ার) এর ২০ জন, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট (পাওয়ার) এর ৭ জন এবং ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট (পাওয়ার) এর ২৫ জনসহ সর্বমোট ২৫৬ জন শিক্ষার্থী ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট ২৮ আগস্ট ২০২৫ তারিখ হতে অদ্যবধি চলমান রয়েছে। এছাড়াও ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের ০৫ (পাঁচ) জন ও ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটের ৪৪ জন শিক্ষার্থীর শিল্প কারখানায় ১২ সপ্তাহব্যাপী বাস্তব প্রশিক্ষণ ০২/০৯/২০২৫ তারিখ হতে তেজগাঁওস্থ বিআরটিসি কেন্দ্রীয় মেরামত কারখানায় অদ্যবধি চলমান রয়েছে।<br>(৩) ডিটিসিএ হতে জানানো হয়েছে, বুয়েটসহ অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে ডিটিসিএ কর্তৃক নিয়মিত লার্নিং সেশনের আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় গত ২০/১০/২০২৫ তারিখে অনুষ্ঠিত "২২ অক্টোবর জাতীয় নিরাপদ সড়ক দিবস" উদযাপন উপলক্ষ্যে ডিটিসিএ এর নিরাপদ সড়ক সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে ঢাকা শহরের ১০টি প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রায় ৫০ জন ছাত্র-ছাত্রীর অংশগ্রহণে "A Comprehensive Approach for Road Safety " শীর্ষক বিশেষ লার্নিং সেশন অনুষ্ঠিত হয়। | (১). কমিটিকে নির্দেশিকা পর্যালোচনা করে চূড়ান্ত করতে হবে।<br>(২) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান রাখতে হবে।<br>(৩) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতিকরণের বিষয়টি অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (সম্পত্তি)/ প্রধান প্রকৌশলী, সওজ |
| | **ঘ. সওজ অধিদপ্তরে ইলেক্ট্রিক্যাল বিভাগ চালু:**<br>গত ৭.০৯.২০২৫ তারিখে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে সৃজনকৃত পদের খসড়া নিয়োগ বিধি পর্যালোচনা সভায় আলোচনা হয়েছে। অতি দ্রুত সওজ অধিদপ্তর হতে এ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হবে। | ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে সওজ অধিদপ্তর হতে গত ১০.১২.২০২৫ তারিখের মধ্যে এবিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/উপসচিব (সওজ সংস্থাপন-১) |
| | **ঙ. সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:**<br>এ বিভাগ কর্তৃক গৃহীত ৮টি সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা দপ্তর/সংস্থা কর্তৃকত বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত আছে। বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত এবং অগ্রগতি তথ্য প্রতিমাসে এ বিভাগ প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতির তথ্য প্রতিমাসে এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ সংস্কার প্রস্তাব বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **চ. সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ:**<br>Rules of Business 1996 অনুযায়ী এ বিভাগ ও দপ্তর/সংস্থার কার্যক্রম পরিচালনাসহ সাংগঠনিক কাঠামো হালনাগাদ করার কার্যক্রম চলমান। সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদ করার জন্য সভপতি সকলকে নির্দেশনা প্রদান করেন। | Rules of Business 1996 অনুযায়ী এ বিভাগ ও দপ্তর/সংস্থার কার্যক্রম পরিচালনাসহ সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদ করতে হবে। | দপ্তর সংস্থা প্রধান (সকল)/অতিরিক্ত সচিব (প্রশাসন) |



CamScanner

| আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **ছ. সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে সংযোগ স্থাপন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে পরিকল্পনা গ্রহণে উপদেষ্টা মহোদয়ের পরামর্শ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। ডিসেম্বর ২০২৫ এর মধ্যে এ বিষয়ে একটি পরিকল্পনা প্রণয়ন সম্ভব হবে মর্মে সভাকে জানানো হয়। | সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ডিসেম্বর ২০২৫ পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| **জ. অন্যান্য আলোচনা**<br>দপ্তর/সংস্থার স্থাপনার নিরাপত্তা ও অগ্নি নিরাপত্তা জোরদার করার বিষয়ে সভায় আলোচনা হয়। মেট্রো রেল এবং বিআরটিসি'তে টেকনিক্যাল নিরাপত্তার বিষয়টি জোরদার করার জন্য ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল ও চেয়ারম্যান, বিআরটিসিকে পরামর্শ প্রদান করা হয়। চলমান প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। প্রয়োজনে অতিরিক্ত শিফটে কাজ করার পরামর্শ দেয়া হয়। শুষ্ক মৌসুমে নির্মাণাধীন এলাকার ধুলা-বালি যাতে পরিবেশ নষ্ট না করে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংস্থা প্রধানদের অনুরোধ করা হয়। | (ক) দপ্তর/সংস্থার স্থাপনার নিরাপত্তা ও অগ্নি নিরাপত্তা জোরদার করতে হবে এবং ফায়ার ড্রিল এর আয়োজন করতে হবে।<br>(খ) মেট্রো রেল এবং বিআরটিসিতে টেকনিক্যাল নিরাপত্তা জোরদার করতে হবে।<br>(৩) চলমান প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। প্রয়োজনে বাড়তি শিফট করে কাজ করতে হবে।<br>(৪) শুষ্ক মৌসুমে নির্মাণাধীন এলাকার পরিবেশ রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)<br>দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

০৩। আলোচ্য সূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.১১.২০২৫

ড. মোহাম্মদ জিয়াউল হক
অতিরিক্ত সচিব
(সচিবের রুটিন দায়িত্ব)

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০৫১.০৬.০০২.২৫- ৪২৬

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪৩২ / ০৮ ডিসেম্বর ২০২৫

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৩. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৪. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, দিয়াবাড়ী, উত্তরা, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১২. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৪. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৫. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
১৭. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৮.১২.২৫

হাবিবুল হাসান রুমি
উপসচিব
☎২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd



CamScanner